The Bangladesh Monitor - A Premier Travel Publication

# দুই মাস পর কানাডা নাগরিকদের ই-ভিসা দিতে যাচ্ছে ভারত

- A Monitor Desk Report Date: 23 November, 2023



**আবারও কানাডার নাগরিকদের জন্য ই-ভিসা পরিষেবা চালু করেছে ভারতীয় হাইকমিশন।বুধবার (২৯ নভেম্বর) থেকে শুরু হয় এ পরিষেবা।**

কানাডায় অবস্থিত ভারতীয় হাইকমিশনের এক বিবৃতিতে বলা হয়, সব ই-ভিসা পরিষেবা ফের চালু করা হয়েছে। নভেম্বরের ২২ তারিখ থেকে এই পরিষেবা চালু হচ্ছে। কানাডার সাধারণ নাগরিকরা এই পরিষেবা পাবেন।

আরও পড়ুন: 'কক্সবাজার এক্সপ্রেস'র টিকিট বিক্রি আজ শুরু

তবে কানাডার যে নাগরিকদের কাছে সাধারণের বদলে অন্য ধরনের পাসপোর্ট আছে, তাদের ই-ভিসা দেওয়া হবে না। হাইকমিশনে এসে পাসপোর্টের পাতায় সেই ভিসা নিতে হবে তাদের।

এর আগে খালিস্তান আন্দোলনের নেতা হরদীপ সিং নিজ্জরের হত্যাকান্ড নিয়ে কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো ভারতের দিকে আঙুল তুলেছিলেন। এরপরই ভারত ও কানাডার কূটনৈতিক সম্পর্ক তলানিতে গিয়ে ঠেকে। এ পরিস্থিতিতে ই-ভিসা পরিষেবা বন্ধ করে দিয়েছিল ভারত।

প্রসঙ্গত, গত ২১ সেপ্টেম্বর কানাডার নাগরিকদের ই-ভিসা পরিষেবা বন্ধ করে দিয়েছিল ভারতীয় হাইকমিশন। এর আগে কানাডার সংসদে দাঁড়িয়ে জাস্টিন ট্রুডো দাবি করেছিলেন, তার কাছে নাকি বিশ্বাসযোগ্য অভিযোগ জমা পড়েছে যে হরদিপ নিজ্জরের হত্যাকান্ডের নেপথ্যে ভারতের হাত থাকতে পারে।

সম্প্রতি ৪টি ক্ষেত্রে কানাডার নাগরিকদের ভিসা দেওয়া শুরু করে ভারত। গত ২৬ অক্টোবর থেকে এন্ট্রি, বিজনেস, মেডিকেল ও কনফারেন্স ভিসা দিতে শুরু করে কানাডায় অবস্থাত ভারতীয় হাইকমিশন। এরপর এবার কানাডার নাগরিকদের জন্য চালু হলো ই-ভিসা পরিষেবা।

-B